সংবাদ

তারিখ 12.2.84
পৃষ্ঠা 1 কলাম 3

0 035

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিএসসি ও বিকম পরীক্ষার ফল ঘোষণা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৩ সনের বিএসসি পাস ও সাবসিডিয়ারী, বিকম পাস ও সাবসিডিয়ারী এবং বিএসসি পাস গার্হস্থ্য অর্থনীতি পরীক্ষার ফল গতকাল শনিবার প্রকাশিত হয়।

এর মধ্যে বিএসসি পাস পরীক্ষার পাসের হার ২১ দশমিক ৩। পরীক্ষায় মোট পাস করেছে এক হাজার ২১৪ জন। এর মধ্যে প্রথম বিভাগে একজন এবং ২৯৮ জন দ্বিতীয় বিভাগে। প্রথম বিভাগে পাস করেছে সরকারী জগন্নাথ কলেজ থেকে। বিএসসি সাবসিডিয়ারী পরীক্ষার পাসের হার ৩৮ দশমিক ৭। মোট ১ হাজার ৮৯৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৭৩৪ জন পাস করেছে।

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## পরীক্ষার ফল ঘোষণা

( ১ম পাতার পর )

বিকম পাস পরীক্ষার পাসের হার ১৯ দশমিক ১। এতে মোট পাস করেছে ৭৪৫ জন। এর মধ্যে দ্বিতীয় বিভাগে পাস করেছে ৫২ জন। বিকম সাবসিডিয়ারী পরীক্ষায় পাসের হার শতকরা ২৫। মোট এক হাজার ৬৯৪ জন পরীক্ষার্থীর মধ্যে ৪২৩ জন পাস করেছে। বিএসসি পাস গার্হস্থ্য অর্থনীতি পরীক্ষায় পাসের হার শতকরা ৪৭ দশমিক ৯। এতে মোট পাস করেছে ৬৯ জন। এর মধ্যে প্রথম বিভাগে একজন এবং ৬৮ জন দ্বিতীয় বিভাগে। ঢাকার হোম ইকোনমিক্স কলেজ থেকে প্রথম বিভাগে পাস করেছে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।